গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মোহাম্মদপুর সরকারি কলেজ
সাতমসজিদ রোড, ঢাকা

# "একাদশ শ্রেণির ভর্তি নোটিশ"

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মোহাম্মদপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের চূড়ান্ত ফলাফল প্রকাশ হওয়া সাপেক্ষে নিম্নেবর্ণিত নির্দেশনা ও সময়সূচি অনুযায়ী ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। ভর্তির যাবতীয় কার্যক্রম কলেজের ওয়েবসাইট www.mgcdhaka.edu.bd এ সম্পন্ন করতে হবে।

**১। কোটায় মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির নির্দেশনা:**

মুক্তিযোদ্ধা কোটা ও অন্যান্য কোটায় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ২০/০৯/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা থেকে দুপুর ১২.০০ টার মধ্যে কলেজে উপস্থিত হয়ে কোটা সম্পর্কিত প্রমাণাদি প্রদর্শন করতে হবে।

- ➢ মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সাময়িক সনদের ফটোকপি।
- ➢ মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ➢ শিক্ষার্থীর জন্মনিবন্ধনের অনলাইন ভেরিফিকেশন কপি।
- ➢ গেজেটের কপিতে যে পাতায় মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার ফটোকপি। (সম্ভব হলে অনলাইন কপি)

শিক্ষা কোটার ক্ষেত্রে : সরকারি স্কুল/সরকারি কলেজ/শিক্ষা অফিস ও তালিকাভুক্ত দপ্তর/সংস্থায় কর্মরত থাকার প্রত্যয়নপত্র।

**২। ওয়েবসাইটে ফরম পূরণ করার পর বিভাগভিত্তিক কলেজে কাগজপত্র জমাদানের সময়:**

| বিভাগ | তারিখ | সময় | |
|---|---|---|---|
| মানবিক বিভাগ | ২০.০৯.২০২৬ | সকাল ১১.০০ টা থেকে ২.০০ টা | ২০.০৯.২০২৬ তারিখ সকাল ৮.০০ টায় অনলাইন ভর্তির সার্ভার চালু হবে। |
| বিজ্ঞান বিভাগ | ২১.০৯.২০২৬ | সকাল ৯.০০ টা থেকে ২.০০ টা | |
| ব্যবসায় শিক্ষা বিভাগ | ২২.০৯.২০২৬ | সকাল ৯.০০ টা থেকে ২.০০ টা | |

**৩। যে সকল কাগজপত্র জমা দিতে হবে:**

- ✓ ওয়েবসাইটে পূরণকৃত আবেদন ফর্মের প্রিন্টআউট কপি (কলেজ কপি)- ০১ কপি
- ✓ মাধ্যমিক/সমমান পাশের মার্কশিট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি – ০১ কপি
- ✓ পাসপোর্ট সাইজের সদ্য তোলা ল্যাবপ্রিন্ট রঙিন ছবি (ছেলেদের- সাদা শার্ট ও ছোট চুল, মেয়েদের- সাদা জামা ও ওড়না পরিহিত এবং চুলে দুই বেণী)- ০৪ কপি এবং ছবির পিছনে নাম লিখে দিতে হবে।
- ✓ শিক্ষার্থীদের জন্ম নিবন্ধনের অনলাইন ভেরিফিকেশন কপি- ০১ কপি
- ✓ পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ০১ কপি
- ✓ কোটায় ভর্তির ক্ষেত্রে উপরে উল্লেখিত নির্দেশনা মোতাবেক প্রমাণপত্রের ফটোকপি- ০১ কপি

৪। অনলাইন ভর্তি প্রক্রিয়া :

- মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা ওয়েবসাইটের মেনু হতে Admission এ প্রবেশ করে XI Admission 2026-27) Apply Now সিলেক্ট করতে হবে। চাহিদা অনুযায়ী বিভাগ, SSC বোর্ড এবং Admission Roll (SSC Roll) পূরণ করে Verify করতে হবে। এরপর মূল ভর্তি প্রক্রিয়ার ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ধাপের সকল তথ্য অবশ্যই পূরণ করতে হবে।
- ৫ম ধাপে সাবধানতার সাথে বিষয় সিলেক্ট করতে হবে।

নৈর্বাচনিক ও ঐচ্ছিক বিষয় নির্বাচনের ক্ষেত্রে নিম্নে প্রদত্ত পাঠ্য বিষয়বিন্যাস অনুসরণ করতে হবে।

| বিজ্ঞান শাখা | মানবিক শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
|---|---|---|
| আবশ্যিক বিষয়সমূহ (Main Subject) | আবশ্যিক বিষয়সমূহ (Main Subject) | আবশ্যিক বিষয়সমূহ (Main Subject) |
| ১। বাংলা<br>২। ইংরেজি<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>৪। পদার্থবিজ্ঞান<br>৫। রসায়ন | ১। বাংলা<br>২। ইংরেজি<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১। বাংলা<br>২। ইংরেজি<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>৪। হিসাববিজ্ঞান<br>৫। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা |
| ঐচ্ছিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ (Choosable Main) | ঐচ্ছিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ (Choosable Main) | ঐচ্ছিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ (Choosable Main) |
| ৬। জীববিজ্ঞান/উচ্চতর গণিত | ৪, ৫ ও ৬ নং ঐচ্ছিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ (যেকোনো তিনটি) : ইতিহাস/যুক্তিবিদ্যা/সমাজবিজ্ঞান/ভূগোল/পৌরনীতি ও সুশাসন/অর্থনীতি | ৬। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ফিন্যান্স ব্যাংকিং ও বীমা |
| ৭। ৪র্থ বিষয় (Additional Subject) জীববিজ্ঞান/উচ্চতর গণিত (যেকোন ১টি) | ৭। ঐচ্ছিক (৪র্থ) বিষয়সমূহ (আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ বাদে যে কোনো ১টি): ইতিহাস/যুক্তিবিদ্যা/সমাজবিজ্ঞান/ভূগোল/পৌরনীতি ও সুশাসন/অর্থনীতি | ৭। ঐচ্ছিক (৪র্থ) বিষয়সমূহ (আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ বাদে যে কোনো ১টি): উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ফিন্যান্স ব্যাংকিং ও বীমা |

- ৬ষ্ঠ ধাপে ফরম রিভিউ করে Proceed ক্লিক করতে হবে।
- ৭ম ধাপে Payment Method a ekpay তে ক্লিক করে complete application অপশন ক্লিক করতে হবে। নিজস্ব মোবাইল নাম্বার Input দিয়ে Pay now করতে হবে। Payment সম্পন্ন করে প্রমাণক হিসেবে রশিদ ডাউনলোড করতে হবে। Confirm করার পর স্বয়ংক্রিয় পূরণকৃত রোল নম্বরসহ ভর্তি ফরম ও Payment Slip প্রিন্ট করতে হবে।
- ভর্তি ফি এর পরিমান :
  বিজ্ঞান বিভাগ : ৫৫৪৯/-
  মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ : ৪৯৪৯/-
  (মানবিক বিভাগের ভূগোল বিষয়টি নির্বাচন করলে টাকার পরিমাণ হবে ৪৯৮৯/-

❖ **ক্লাস শুরু হবে: ২৪ সেপ্টেম্বর, ২০২৬**

বি:দ্র: নোটিশটি পরবর্তীতে বোর্ডের নির্দেশনা ও মাইগ্রেশনের রেজাল্টের উপর ভিত্তি করে সংশোধনী হতে পারে । কোন শিক্ষার্থী প্রকৃত তথ্য গোপন করলে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অধ্যাপক হাফসা বেগম, ১০৩৮৯
অধ্যক্ষ
মোহাম্মদপুর সরকারি কলেজ
সাতমসজিদ রোড, মোহাম্মদপুর
ঢাকা- ১২০৭